গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী
www.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৭.০০৪.২৩- ৭৪৩

তারিখ: ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (০৪ মে, ২০১৫ তারিখের এস, আর, ও নং ৮৯ আইন/২০১৫) এবং ০৩ জুলাই, ২০১৭ তারিখের প্রজ্ঞাপন (এস, আর, ও নং ২৩২-আইন/২০১৭) মোতাবেক পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান কল্পে আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ২০/১১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি মির্জাগঞ্জ, পটুয়াখালী বরাবরে সরাসরি বা ডাকযোগে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | ওয়ার্ড নং |
|---|---|---|---|---|
| ০১। | ০১ নং মাধবখালী ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ০২ | ০২ ও ০৬ |
| ০২। | ০২ নং মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ০২ | ০৬ ও ০৯ |
| ০৩। | ০৩ নং আমড়াগাছিয়া ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ০৪ | ০৪,০৫,০৬ ও ০৮ |
| ০৪। | ০৫ নং কাকড়া বুনিয়া ইউনিয়ন পরিষদ | মহল্লাদার | ০১ | ০১ |

**শিক্ষাগত যোগ্যতা:**

কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

**বয়স:** ২০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুর্ধ ৩০ বৎসর।

**প্রার্থীর শারীরিক যোগ্যতা:**

ক) উচ্চতা- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট।
খ) বুকের মাপ- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।
গ) ওজন- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৪৫ কেজি।

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। প্রার্থীকে (ক) নাম, (খ) মাতার নাম, (গ) পিতা/স্বামীর নাম, (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) জন্ম তারিখ, (ছ) ২০/১১/২০২৩ খ্রি: তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ স্ব-হস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে।
০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে; (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র এবং চারিত্রিক সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০৩(তিন) কপি (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাতে সংযুক্তি করতে হবে (চ) উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
০৪। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
০৫। ২০/১১/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
০৬। আবেদনপত্র আগামী ২০/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।
০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
০৮। প্রার্থীকে নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯। খামের উপর বড় অক্ষরে পদের নাম লিখতে হবে।
১০। আবেদকারীকে যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে সে ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
১১। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেল পার্শ্ববর্তী ওয়ার্ড হতে এবং পার্শ্ববর্তী ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ইউনিয়নের যে কোন ওয়ার্ড হতে লোক নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যাইবে।
১২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
১৩। আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগপত্র প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চুড়ান্ত বলে গণ্য হব। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না। কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচেত হবে।।

২৯/১০/২০২৩

সাইয়েমা হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
মির্জাগঞ্জ, পটুয়াখালী
ফোন: : +৮৮০২৪৭৮৮৮২২৬৯
e-mail: unomirzagonj@gmail.com

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৭.০০৪.২৩- ৭৪৬

তারিখ: ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। সচিব, স্থানীয় সরকর, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সবিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৬। অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৯। চেয়ারম্যান (সকল) .................................... ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, গুরুত্বপূর্ণ স্থান, সকল হাট-বাজার এবং জনসমাগম হয় এমন স্থানে ঢোল শহরত করে বহুল প্রচারের ব্যবস্থা করার অনুরোধসহ)।
১০। সম্পাদক, .................................................................................................................................................... (বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে তার পত্রিকায় ০২ (দুই) কলামে একদিন বহুল প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৯/১০/২৩

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী